

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ১২, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
সমষ্টি-২ অধি�শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৮ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ/১২ জানুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস. আর.ও. নম্বর ০৯ আইন/২০২৩।—বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ (২০০৩ সনের ১৩নং আইন) এর ধারা ৩৪ক-তে প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, ভর্তুকি সমন্বয়ের লক্ষ্যে, জনস্বার্থে, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের আওতাধীন পল্লী বিদ্যুৎ সমিতিসমূহ, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, ঢাকা ইলেক্ট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এবং নর্দন ইলেক্ট্রিসিটি সাপ্লাই কোম্পানী লিমিটেড কর্তৃক সরবরাহকৃত বিদ্যুতের খুচরা মূল্যহার এবং বিদ্যুৎ সম্পর্কিত বিবিধ সেবার জন্য চার্জ/ফি নিম্নটেবিলে বর্ণিত হারে, নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, পুনঃনির্ধারণ করল, যথা :—

টেবিল-১

খুচরা বিদ্যুৎ মূল্যহার

ক. নিম্নচাপ (এলটি) : ২৩০/৮০০ ভোল্ট

বিদ্যুৎ সরবরাহ : নিম্নচাপ এসি সিঙ্গেল ফেজ ২৩০ ভোল্ট এবং তিন ফেজ ৪০০ ভোল্ট

ফ্রিকোয়েন্সি : ৫০ সাইকেল/সেকেন্ড

অনুমোদিত লোড : সিঙ্গেল ফেজ ০-৭.৫ কি.ও. এবং তিন ফেজ ০-৮০ কি.ও.

(৮৫)

মূল্য : টাকা ২০.০০

(৩) পাওয়ার ফ্যাট্র সারচার্জ:

- (ক) অনুমোদিত লোড ২০ কিলোওয়াট (কি.ও.) এর উর্ধ্বের সকল নিয়মচাপ (এলটি) গ্রাহককে সরবরাহ পয়েন্টে মাসিক গড় পাওয়ার ফ্যাট্র (পিএফ) অবশ্যই ০.৯৫ বা তার উর্ধ্বে রাখতে হবে;
- (খ) সকল মধ্যমচাপ (এমটি), উচ্চচাপ (এইচটি) এবং অতি উচ্চচাপ (ইএইচটি) গ্রাহককে সরবরাহ পয়েন্টে মাসিক গড় পাওয়ার ফ্যাট্র (পিএফ) অবশ্যই ০.৯৫ বা তার উর্ধ্বে রাখতে হবে;
- (গ) অনুচ্ছেদ ৩ (ক) এবং (খ) এ বর্ণিত গ্রাহকের ক্ষেত্রে সরবরাহ পয়েন্টে মাসিক গড় পাওয়ার ফ্যাট্র (পিএফ) ০.৯৫ এর কম রেকর্ড হলে নিয়োক্ত হারে সারচার্জ প্রযোজ্য হবে; সরবরাহ পয়েন্টে মাসিক গড় পিএফ ০.৯৫ এর অব্যবহিত নিয় থেকে মাসিক গড় পিএফ ০.৭৫ পর্যন্ত প্রতি ০.০১ পিএফ কম এর জন্য গ্রাহকের বিলের এনার্জি চার্জের ওপর ০.৭৫% (শুন্য দশমিক সাত পাঁচ শতাংশ) হারে সারচার্জ প্রযোজ্য হবে;
- (ঘ) সরবরাহ পয়েন্টে মাসিক গড় পাওয়ার ফ্যাট্র (পিএফ) ০.৭৫ এর নীচে নেমে গেলে প্রতি বিল মাসে গ্রাহককে লিখিতভাবে অবহিত করতে হবে। পর পর ০৩ (তিনি) বিল মাস সরবরাহ পয়েন্টে মাসিক গড় পাওয়ার ফ্যাট্র ০.৭৫ এর নীচে নেমে গেলে গুণগত মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহের স্বার্থে গ্রাহককে ১৫ (পনেরো) দিনের নোটিশ প্রদানপূর্বক বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হবে; এবং
- (ঙ) উপরের অনুচ্ছেদ ৩(ঘ) এ উল্লিখিত কারণে বিচ্ছিন্ন হওয়া গ্রাহকের বিদ্যুৎ সংযোগ যথাযথ শুরুকরণ সরঞ্জাম (পাওয়ার ফ্যাট্র ইমপ্লুভমেন্ট প্ল্যান্ট) স্থাপন এবং প্রযোজ্য সংযোগ বিচ্ছিন্নকরণ ও পুনঃসংযোগ চার্জ প্রদান সাপেক্ষে পুনর্বহাল করা যাবে;

(৪) নিরাপত্তা জামানত:

- (ক) নতুন সংযোগ এবং অনুমোদিত লোড পরিবর্তনের ক্ষেত্রে নিয়োক্ত হারে নিরাপত্তা জামানত প্রযোজ্য হবে:

| গ্রাহক শ্রেণি | | জামানতের হার (টাকা/কি.ও.) |
|---------------|---|---------------------------------|
| ১ | এলটি—এ এবং এলটি—বি | ৮০০.০০ (০২ কি.ও. পর্যন্ত) |
| | | ৬০০.০০ (০২ কি.ও. এর উর্ধ্বে) |
| ২ | এলটি-সি ১, এলটি-সি ২, এলটি-ডি ১, এলটি-ডি ২, এলটি-ডি ৩, এলটি—ই এবং এলটি—টি | ৮০০.০০ |
| ৩ | এমটি, এইচটি এবং ইএইচটি | ১,০০০.০০ |